

আরও জাপানি লগ্নির সুযোগ

নিজস্ব সংবাদদাতা

পশ্চিমবঙ্গ-সহ গোটা ভারতেই ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে (এমএসএমই) জাপানের বিনিয়োগ সম্ভাবনার তুলনায় কম বলে মন্তব্য করলেন 'জাপান এক্সটারনাল ট্রেড অর্গানাইজেশনের' (জেট্রো) ডিজি তাকাশি সুজুকি। বৃহস্পতিবার বেঙ্গল চেম্বারের এক সভায় তিনি জানান, এ দেশে জাপানি সংস্থাগুলির মধ্যে মাত্র ১৫%-২০% ছোট সংস্থা। অথচ চীন ও আসিয়ান দেশগুলিতে সেই হার ৪০%-৬০%। ভারতে জাপানি সংস্থার সংখ্যাও কম, ১৪৫৪টি। কিন্তু চীনে তা ১৩,০০০-১৫,০০০।

সুজুকির দাবি, ভারতের ছোট শিল্পে আরও জাপানি বিনিয়োগের সুযোগ রয়েছে। সেই সঙ্গে ভারতের রফতানিও জাপানের কাছে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে।